গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
Accelerating and Strengthening Skills for
Economic Transformation (ASSET) Project
কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা

# শ্রেষ্ঠ শিক্ষক, শিক্ষার্থী, প্রতিষ্ঠান ও অধ্যক্ষ নির্বাচন নির্দেশমালা

পুরস্কার এবং স্বীকৃতি মানুষকে তার কাজের মান ও দক্ষতা বৃদ্ধিতে অনুপ্রাণিত করে। পুরস্কার ও স্বীকৃতি প্রদান মানবসম্পদ ব্যবস্থপনার একটি গুরুত্বপূর্ণ অনুষঙ্গ। ডিপ্লোমা পর্যায়ের শিক্ষার মান উন্নত করার লক্ষ্যে শ্রেষ্ঠ শিক্ষক, শিক্ষার্থী, প্রতিষ্ঠান ও অধ্যক্ষ নির্বাচন এবং তাদের পুরস্কার ও স্বীকৃতি প্রদান করা দরকার। শিক্ষকরা হলেন জ্ঞানের দীপ্তি, যারা শিক্ষার্থীদের জীবনে আলো প্রদান করেন এবং তাদের ভবিষ্যত গড়ার পথ প্রদর্শন করেন। একজন যোগ্য শিক্ষক শুধু পাঠ্যবইয়ের জ্ঞানই প্রদান করেননা, বরং শিক্ষার্থীদের মধ্যে চিন্তার গভীরতা, সৃজনশীলতা এবং মানবিক মূল্যবোধ গড়ে তোলেন। শ্রেষ্ঠ শিক্ষক, শিক্ষার্থী, প্রতিষ্ঠান ও অধ্যক্ষ নির্বাচনের মাধ্যমে তাদের মধ্যে মানের প্রতিযোগিতা তৈরি হয়, যা শিক্ষকদের নিজেদের শিক্ষাদানের মান উন্নত করার উৎসাহ জোগায়, শিক্ষার্থীদের শেখায় আগ্রহী করে, অধ্যক্ষগণকে প্রতিষ্ঠান ব্যবস্থাপনায় আরও সচেষ্ট করে। এটি তাদের কর্মজীবনে নতুন উদ্দীপনা এবং উৎসাহ যোগায় এবং তাদের পেশাগত উন্নতির পথ প্রদর্শন করে। এছাড়াও নির্বাচিত শ্রেষ্ঠ শিক্ষকের প্রতি শিক্ষার্থীবৃন্দ সম্মান এবং আগ্রহ বাড়ে, যা শিক্ষার পরিবেশকে আরও সমৃদ্ধ করে তোলে। শ্রেষ্ঠ শিক্ষক, শিক্ষার্থী, প্রতিষ্ঠান ও অধ্যক্ষ নির্বাচনের প্রয়োজনীয়তা হলো শিক্ষা খাতে মান উন্নয়নের এক অনন্য উপায়, যা শিক্ষক ও শিক্ষার্থী উভয়ের জন্য উপকারী। এটি শিক্ষকদের মাঝে উদ্দীপনা সৃষ্টি করে, তাদের সম্মান বৃদ্ধি করে, এবং শিক্ষার মান উন্নয়নে অবদান রাখে।

নির্বাচিত ডিপ্লোমা পর্যায়ের শ্রেষ্ঠ শিক্ষক, শিক্ষার্থী, প্রতিষ্ঠান ও অধ্যক্ষগণের স্ব স্ব ক্ষেত্রে অবদানের স্বীকৃতি প্রদানের উদ্দেশ্যে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET) প্রকল্প হতে একটি উদ্যোগ গ্রহণ করা হয়েছে। নির্বাচন ও তাদের পুরস্কার ও স্বীকৃতি প্রদান প্রক্রিয়াটি সুষ্ঠভাবে বাস্তবায়নের জন্য নিম্নরূপ নির্দেশমালা প্রণয়ন করা হলো:

১। অধিক্ষেত্র: প্রকল্পের আওতায় নির্বাচিত ডিপ্লোমা পর্যায়ের কারিগরি ও স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানের জন্য এ বাছাই প্রক্রিয়া অনুসরণ করা;

২। পর্যায়: তিনটি পর্যায়ে এ বাছাই কার্যক্রম অনুষ্ঠিত হবে। ক.প্রাতিষ্ঠানিক পর্যায়, খ.আঞ্চলিক পর্যায় গ.জাতীয় পর্যায়;

৩। প্রাতিষ্ঠানিক পর্যায়ের নির্বাচিতরা আঞ্চলিক পর্যায়ে, এবং আঞ্চলিক পর্যায়ের নির্বাচিতরা জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করবেন। প্রাতিষ্ঠানিক পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষক ও শ্রেষ্ঠ শিক্ষর্থী বাছাই করা যেতে পারে;

৪। নির্বাচনের ধরণ: ক. শ্রেষ্ঠ শিক্ষক, খ. শ্রেষ্ঠ শিক্ষার্থী, গ. শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান ও ঘ. শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান;

৫। শ্রেষ্ঠ শিক্ষক ও শিক্ষার্থী নির্বাচন কার্যক্রমে অংশগ্রহণের জন্য প্রত্যেক শিক্ষক ও শিক্ষার্থী নিজ নিজ প্রতিষ্ঠান প্রধান বরাবরে সরাসরি প্রয়োজনীয় তথ্যাদির হার্ডকপি এবং সফটকপি দাখিল নিশ্চিত করবেন। অধ্যক্ষগণ প্রাতিষ্ঠানিক পর্যায়ের মূল্যায়ন কমিটি'র নিকট প্রয়োজনীয় তথ্যাদি মূল্যায়নের সময় সরবরাহ করবেন।

৬। শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান ও শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন কার্যক্রমে অংশগ্রহণের জন্য প্রত্যেক প্রতিষ্ঠান প্রধান, আঞ্চলিক পর্যায়ের মূল্যায়ন কমিটির প্রধান বরাবরে সরাসরি প্রয়োজনীয় তথ্যাদির হার্ডকপি এবং সফটকপি দাখিল নিশ্চিত করবেন।

৮। নির্বাচন পদ্ধতি:

**(ক) শ্রেষ্ঠ শিক্ষার্থী নির্বাচন (একটি প্রতিষ্ঠান হতে একজন শ্রেষ্ঠ শিক্ষার্থীর নাম প্রেরণ করতে হবে):**

| ক্রমিক | মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়ন/নম্বর প্রদানের নির্দেশনা | প্রমাণক |
|---|---|---|---|---|
| ১. | সর্বশেষ বোর্ড পরীক্ষার ফলাফল | ২০ | জিপিএ (৪) X ৫ অথবা<br>জিপিএ (৫) X ৪ | সনদপত্র বা ফলাফলের কপি |
| ২. | উপস্থিতির শতকরা হার | ২০ | ২০ X উপস্থিতির হার | বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের প্রত্যয়ন |
| ৩. | সাংস্কৃতিক দক্ষতা | ০৫ | আন্তর্জাতিক পুরস্কারের জন্য ০৫, জাতীয় পর্যায়ের পুরস্কারের জন্য ০৪, জেলা পর্যায়ের পুরস্কারের জন্য ০৩ এবং প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ অথবা অন্যান্য পুরস্কারের জন্য ০১ নম্বর পাবে (যে কোন একটি প্রযোজ্য) | সনদের কপি |
| ৪. | খেলাধুলা/ক্রীড়া দক্ষতা | ০৫ | আন্তর্জাতিক পুরস্কারের জন্য ০৫, জাতীয় পর্যায়ের পুরস্কারের জন্য ০৪, জেলা পর্যায়ের পুরস্কারের জন্য ০৩ এবং প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ অথবা অন্যান্য পুরস্কারের জন্য ০২ নম্বর পাবে (যে কোন একটি প্রযোজ্য) | সনদের কপি |
| ৫. | উদ্ভাবনী কার্যক্রম | ০৫ | জাতীয় পর্যায়ের পুরস্কারের জন্য ০৫, আঞ্চলিক/জেলা পর্যায়ের পুরস্কারের জন্য ০৪ এবং প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ অথবা অন্যান্য পুরস্কারের জন্য ০৩ নম্বর পাবে (যে কোন একটি প্রযোজ্য) | সনদের কপি |
| ৬. | স্কাউট/গার্লস গাইডস/রোভার/বি. এন. সি. সি/যুব রেড ক্রিসেন্ট ইত্যাদি | ৩.৫ | প্রতিষ্ঠানে প্রতিষ্ঠানে রোভার স্কাউট/গার্ল ইন রোভার/বি. এন. সি. সি/রেড ক্রিসেন্ট ইত্যাদির কার্যক্রম থাকার উপর ভিত্তি করে মূল্যায়ন করতে হবে। | |
| ৭. | IELTS/TOEFL | ৪.৫ | IELTS স্কোর X ০.৫<br>অথবা, TOEFL স্কোর X ০.০৩৭৫ | সনদের কপি |
| ৮. | NTVQF Level (কারিগরি শিক্ষার জন্য) স্বাস্থ্য শিক্ষার সকলে ১২ নম্বর প্রাপ্ত হবে | ১২ | সর্বোচ্চ লেভেল X ২ | সনদের কপি |
| ৯. | সাময়িকী/বার্ষিকী এরূপ কোন প্রকাশনায় লেখার অভিজ্ঞতা | ০৫ | নিজের গ্রন্থ প্রকাশনা- ০৫, জাতীয় পর্যায়ের প্রকাশনার জন্য ০৪, দেয়ালিকা ও প্রতিষ্ঠানের বার্ষিকীতে লেখা-০৩, কেবল বার্ষিকীতে লেখা-০৪, কেবল দেয়ালিকায় লেখা-০১। (যে কোন একটি প্রযোজ্য) | প্রকাশনার কপি |
| ১০. | নেতৃত্বদানের দক্ষতা | ০৫ | ক্লাস ক্যাপ্টেন থাকা, বিভিন্ন দলীয় কাজে নেতৃত্বদান, সহপাঠীদের বিভিন্ন প্রয়োজনের বিষয়ে কর্তৃপক্ষকে অবহিতকরণ ইত্যাদির আলোকে মূল্যায়ন করতে হবে। | |

| ক্রমিক | মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়ন/নম্বর প্রদানের নির্দেশনা | প্রমাণক |
|---|---|---|---|---|
| ১১. | সামাজিক কর্মকান্ডে অংশগ্রহণ | ০৫ | প্রতিষ্ঠান আয়োজিত অনুষ্ঠানাদিতে সহযোগিতা করার ক্ষেত্রে স্বতঃস্ফূর্ততা, ত্রাণ ও পুর্নবাসন, পরিচ্ছন্নতা কার্যক্রম, সচেতনতামূলক কার্যক্রম, স্বেচ্ছায় রক্তদান কার্যক্রম, মাদক বিরোধী কার্যক্রম ইত্যাদির আলোকে মূল্যায়ন করতে হবে। | |
| ১২. | নৈতিক দৃঢ়তা | ০৫ | প্রতিষ্ঠান প্রধান শিক্ষার্থীর নৈতিক গুণাবলি, মূল্যবোধ ইত্যাদি পর্যবেক্ষণ করে এতদসংক্রান্ত প্রত্যয়ন প্রদান করবেন এবং মূল্যায়ন করবেন | |
| ১৩. | আইসিটি বিষয়ে দক্ষতা | ০৫ | শিক্ষার্থীর পর্যায় বিবেচনা করে মূল্যায়ন করবেন | |
| মোট নম্বর | | ১০০ | | |

(খ) শ্রেষ্ঠ শিক্ষক নির্বাচন **(একটি প্রতিষ্ঠান হতে একজন শ্রেষ্ঠ শিক্ষকের নাম প্রেরণ করতে হবে)**:

| ক্রমিক | মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়ন/নম্বর প্রদানের নির্দেশনা | প্রমাণক |
|---|---|---|---|---|
| ১. | শিক্ষকতার অভিজ্ঞতা | ১০ | ১০ X (বছর/৩৫) | প্রত্যয়ন |
| ২. | বিষয়ভিত্তিক জ্ঞান ও নিষ্ঠা | ২০ | ক. ১০ X (সর্বশেষ বোর্ড পরীক্ষায় উত্তীর্ণ মোট শিক্ষার্থীর সংখ্যা/ মোট পাঠদানকৃত শিক্ষার্থীর সংখ্যা) (তাত্ত্বিক বিষয় শুধু বিবেচনা করতে হবে)<br>খ. ১০ X (পাঠদানকৃত মোট ক্লাস লোড/ সংশ্লিষ্ট বিভাগের মোট ক্লাস লোড) | |
| ৩. | ডিজিটাল কনটেন্ট তৈরি এবং শ্রেণি কক্ষে মাল্টিমিডিয়ার ব্যবহার (বিগত এক বছরের) | ১০ | ডিজিটাল কনটেন্ট তৈরি করেন-০৩ এবং শিক্ষক বাতায়ন থেকে কনটেন্ট ডাউনলোড ও আপলোড করেন-০২। অনলাইন ক্লাস গ্রহণ করেন-০৩। teachers.gov.bd এর সদস্য হলে-০২, সদস্য না হলে-০১। | URL বা লিংক |
| ৪. | পেশাগত/গবেষণামূলক সৃজনশীল প্রকাশনা | ১০ | আন্তর্জাতিক খ্যাতনামা জার্নালে একটি প্রকাশনা-১০, জাতীয় জার্নালে দুইটি প্রকাশনা-৫ X ২ = ১০, জাতীয় পত্রিকায় সৃজনশীল প্রতিটি প্রকাশনা-০২ করে অনধিক-১০। | প্রকাশনার কপি |
| ৫. | পুস্তক প্রণয়ন (অনুমোদিত) | ৩.৫ | ISBN থাকলে-৪, ISBN না থাকলে-২, একাডেমিক ক্যালেন্ডার-২, বার্ষিক ম্যাগাজিন (২০২২) -২ | কপি |
| ৬. | IELTS/TOEFL | ৪.৫ | IELTS স্কোর X ০.৫<br>অথবা, TOEFL স্কোর X ০.০৩৭৫ | সনদের কপি |
| ৭. | NTVQF Level (কারিগরি শিক্ষার জন্য)<br>স্বাস্থ্য শিক্ষার সকলে ১২ নম্বর প্রাপ্ত হবে | ১২ | যেকোন সর্বোচ্চ লেভেল X ২ | সনদের কপি |
| ৮. | প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্টতা | ৫ | প্রকিউরমেন্ট সভাপতি/সদস্য সচিব -৫<br>নন প্রকিউরমেন্ট ফোকাল/জব প্লেসমেন্ট সেল-৫<br>মূল্যায়ন কমিটির সদস্য-৩<br>পণ্য গ্রহণ/যাচাই-বাছাই কমিটি-৩ | কমিটির চিঠি |

| ক্রমিক | মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়ন/নম্বর প্রদানের নির্দেশনা | প্রমাণক |
|---|---|---|---|---|
| | | | স্পেসিফিকেশন কমিটি-২<br>সাব প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিট-২<br>(যেকোন একটি বিবেচনা করা যাবে) | |
| ৯. | শিল্প কারখানা অভিজ্ঞতা | ১০ | ১০ X (বছর/১০)<br>সর্বোচ্চ ১০ বছর গ্রহণযোগ্য | অভিজ্ঞতা সনদের কপি |
| ১০. | ছাত্র-ছাত্রী, অভিভাবক, সহকর্মী ও কর্তৃপক্ষের সাথে সহযোগিতার প্রবণতা | ০৫ | জাতীয় দিবসসমূহ উদযাপনে, শিক্ষাসফরে, বার্ষিক ক্রীড়া অনুষ্ঠান আয়োজনে, প্রতিষ্ঠানের বার্ষিকী প্রকাশে, বার্ষিক ধর্মীয় অনুষ্ঠান, গাইডেন্স ও কাউন্সিল এবং অন্যান্য অনুষ্ঠানাদিতে ছাত্র-ছাত্রী, অভিভাবক, সহকর্মী ও কর্তৃপক্ষের সাথে তিনি কীভাবে অংশগ্রহণ করেন তার নিরীখে মূল্যায়ন করতে হবে।<br>(কমিটিতে সভাপতি/সদস্য সচিব-১, সদস্য-০.৫ প্রতিটির জন্য, সর্বোচ্চ ৫, যেসকল কমিটির সর্বোমোট সদস্য ৩ জন সেসকল কমিটি শুধু বিবেচনায় নেয়া যাবে) | কমিটির চিঠি ও আইএমসি (সিআইডিপি) এর সুপারিশ |
| ১১. | চারিত্রিক দৃঢ়তা, ব্যাক্তিত্ব, সততা ও সুনাম | ০৫ | সংশ্লিষ্ট শিক্ষকের চারিত্রিক দৃঢ়তা, ব্যক্তিত্ব, সততা ও সুনাম সম্পর্কে শিক্ষার্থী, সহকর্মী, প্রতিষ্ঠানপ্রধান ও প্রযোজ্যক্ষেত্রে প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সদস্যগণের যে সাধারণ ধারণা আছে মূল্যায়নের ক্ষেত্রে তার প্রতিফলন থাকতে হবে। | অধ্যক্ষ কর্তৃক গ্রেডিং (১~৫), ও আইএমসি (সিআইডিপি) এর সুপারিশ |
| ১২. | শৃঙ্খলাবোধ, দায়িত্ববোধ, সময়ানুবর্তিতা, শ্রেণিকক্ষে পাঠদানে নিয়মানুবর্তিতা | ০৫ | সংশ্লিষ্ট শিক্ষকের শৃঙ্খলাবোধ, দায়িত্ববোধ, সময়ানুবর্তিতা সম্পর্কে শিক্ষার্থী, সহকর্মী, প্রতিষ্ঠান প্রধান ও প্রযোজ্যক্ষেত্রে প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সদস্যগণের যে সাধারণ ধারণা আছে মূল্যায়নের ক্ষেত্রে তার প্রতিফলন থাকতে হবে। | অধ্যক্ষ কর্তৃক গ্রেডিং (১~৫) ও আইএমসি (সিআইডিপি) এর সুপারিশ |
| মোট নম্বর | | ১০০ | | |

(গ) শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান নির্বাচন:

| ক্রমিক | মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়ন/নম্বর প্রদানের নির্দেশনা | প্রমাণক |
|---|---|---|---|---|
| ১. | প্রতিষ্ঠান প্রধান হিসেবে অভিজ্ঞতা | ০৬ | ০৬ X (বছর/৬)<br>সর্বোচ্চ ৬ নম্বর | আদেশের কপি |
| ২. | ছাত্র-ছাত্রী ও সহকর্মীদের উপর প্রভাব এবং অভিভাবক ও কর্তৃপক্ষের সাথে সহযোগিতার প্রবণতা | ০৫ | দক্ষ ব্যবস্থাপক হিসাবে ছাত্র-ছাত্রী ও সহকর্মীদের উপর যথেষ্ট তত্ত্বাবধান আছে। প্রতিষ্ঠানের সকল সহকর্মীর মধ্যকার পারস্পরিক শ্রদ্ধার সম্পর্ক প্রতিষ্ঠায় তাঁর যথেষ্ট ভূমিকা আছে। অভিভাবক ও কর্তৃপক্ষের সাথে সহযোগিতার মনোভাব পোষণ করেন। | জাতীয় মূল্যায়ন কমিটি কর্তৃক গ্রেডিং |
| ৩. | চারিত্রিক দৃঢ়তা, ব্যাক্তিত্ব, সততা ও সুনাম | ০৫ | সংশিষ্ট প্রতিষ্ঠান প্রধানের চারিত্রিক দৃঢ়তা, ব্যক্তিত্ব, সততা ও সুনাম সম্পর্কে শিক্ষার্থী, সহকর্মী, সমাজের সদস্যগণ ও প্রযোজ্যক্ষেত্রে প্রতিষ্ঠান পরিচালনা কমিটির | |

| ক্রমিক | মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়ন/নম্বর প্রদানের নির্দেশনা | প্রমাণক |
|---|---|---|---|---|
| | | | সদস্যগণের যে সাধারণ/প্রচলিত ধারণা আছে তার ভিত্তিতে মূল্যায়ন করতে হবে। | |
| ৪. | প্রশাসনিক দক্ষতা | ১৫ | প্রতিষ্ঠানের রেকর্ডপত্রের যথাযথ সংরক্ষণ, সংশ্লিষ্ট দপ্তরসমূহের সাথে যোগাযোগের ক্ষেত্রে দক্ষতা, পাবলিক পরীক্ষায় প্রতিষ্ঠানের ফলাফল, শিক্ষার্থী ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ের ভিত্তিতে মূল্যায়ন করতে হবে। | |
| ৫. | আর্থিক শৃঙ্খলা | ০৫ | সঠিকভাবে বাজেট প্রণয়ন, বাস্তবায়ন এবং প্রতিষ্ঠানের অডিট আপত্তি সম্পর্কিত বিষয় বিবেচনা করতে হবে। | |
| ৬. | পাঠ্যপুস্তক প্রণয়ন (অনুমোদিত) | ০৮ | ISBN থাকলে-৪, ISBN না থাকলে-২, একাডেমিক ক্যালেন্ডার-২, বার্ষিক ম্যাগাজিন (২০২২) -২ | |
| ৭. | পেশাগত/গবেষণামূলক সৃজনশীল প্রকাশনা | ১০ | আন্তর্জাতিক খ্যাতনামা জার্নালে একটি প্রকাশনা-১০, জাতীয় জার্নালে দুইটি প্রকাশনা- ৫X২ =১০, জাতীয় পত্রিকায় প্রতিটি সৃজনশীল প্রকাশনা-২ করে অনধিক-১০ | |
| ৮. | ICT বিষয়ে দক্ষতা | ১৫ | অনলাইন ক্লাস কার্যক্রম মনিটরিং, ICT ব্যবহারে পারদর্শী, প্রতিষ্ঠান ব্যবস্থপনায় ICT 'র ব্যবহার, ইত্যাদি-৫<br>স্টুডেন্ট ডাটাবেজ-৫, জবপ্লেসমেন্ট ডাটা-৫ | |
| ৯. | সবুজ ও পরিচ্ছন্ন ক্যাম্পাস ও স্বাস্থ্য বিধি অনুযায়ী প্রতিষ্ঠান সজ্জিতকরণ | ৫ | ক্যাম্পাস পরিস্কার-পরিচ্ছন্ন -৩ স্বাস্থ্যবিধির গাইডলাইন অনুযায়ী প্রতিষ্ঠান সজ্জিতকরণ অন্যান্য কার্যক্রম গ্রহণ-২ | জাতীয় পর্যায়ের মূল্যায়ন কমিটি কর্তৃক গ্রেডিং |
| ১০. | গুণগত শিক্ষায় উদ্ভাবনী/সৃজনশীল উদ্যোগ, উদ্ভাবনী কার্যক্রমে অংশগ্রহণ ও উত্তমচর্চা, সেবা সহজীকরণের নিদর্শন | ০৬ | প্রতিষ্ঠানে গুণগত শিক্ষায় উদ্ভাবনমূলক উৎকর্ষ সাধন, রুপকল্প ২০৪১ ও এসডিজি ৪ কে সামনে রেখে লক্ষ্য নির্ধারণ ইত্যাদি বিষয় বিবেচনায় নিতে হবে-৪।<br>ক্যাম্পাসে উত্তম চর্চার নিদর্শন মূল্যায়ন করতে হবে-২ | |
| ১১. | মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার সন্তান | ০৫ | সনদ যাচাইপূর্বক নম্বর প্রদান করতে হবে | |
| ১২. | প্রতিষ্ঠানের দৃশ্যমান উন্নয়ন (আইআর ৪.০ ভিত্তিক ল্যাব ও ওয়ার্কসপ আধুনিকায়ন) ও গুণগত পরিবর্তন, প্রতিষ্ঠানের উন্নয়নের জন্য গৃহীত ভবিষ্যত পরিকল্পনা | ০৫ | প্রতিষ্ঠানের দৃশ্যমান উন্নয়ন (ভৌত)-২ ও গুণগত পরিবর্তন (প্রশাসনিক ও একাডেমিক)-১, প্রতিষ্ঠানের উন্নয়নের জন্য গৃহীত ভবিষ্যত পরিকল্পনা-২ | |
| ১৩. | শিল্প কারখানা অভিজ্ঞতা | ১০ | ১০ X (বছর/১০)<br>সর্বোচ্চ ১০ বছর গ্রহণযোগ্য | অভিজ্ঞতা সনদের কপি |
| মোট নম্বর | | ১০০ | | |

(ঘ) শ্রেষ্ঠ প্রতিষ্ঠান নির্বাচন:

| ক্রমিক | মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়ন/নম্বর প্রদানের নির্দেশনা | প্রমাণক |
|---|---|---|---|---|
| ১. | কোর্স সমাপনী পরীক্ষার ফলাফল | ২০ | বিগত দুই বছরের সালের পরীক্ষার ফলাফল বিবেচ্য হবে।<br>ক. হার (সাম্প্রতিক) X ১০<br>খ. হার (বিগত) X ১০ | |
| ২. | চাকুরীপ্রাপ্ত ছাত্র/ছাত্রীর হার (গত বছরে পাসকৃত) | ১০ | হার X ১০ | |
| ৩. | ঝড়ে পড়া ও বদলিকৃত শিক্ষার্থীর হার (২ সেমিস্টারে) | ২০ | ২০* (১-হার/১০০) | |
| ৪. | ভৌত অবকাঠামোগত উন্নয়ন ও সুযোগ সুবিধা বৃদ্ধি | ১০ | পর্যাপ্ত অবকাঠামো থাকা এবং বিধ্যমান অবকাঠামোর মান এর আলোকে মূল্যায়ন করতে হবে। | |
| ৫. | প্রশাসনিক ও আর্থিক শৃঙ্খলা | ৫ | বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে ব্যবস্থাপনা কমিটি আছে কিনা, বাজেট কমিটি কর্তৃক আর্থিক বিষয়গুলো অনুমোদন হয় কিনা, ইত্যাদির ভিত্তিতে নম্বর প্রদান করতে হবে। সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে কোন অডিট আপত্তি আছে কিনা তার ভিত্তিতে নম্বর দিতে হবে। | |
| ৬. | জাতীয় দিবসসমূহ উদযাপন | ৫ | জাতীয় দিবসসমূহ নিয়মিত যথাযথ মর্যাদার গুরুত্ব সহকারে পালন করার উপর ভিত্তি করে মূল্যায়ন করতে হবে। | |
| ৭. | প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীগণের জন্য সুপেয় পানি ও স্যানিটেশন ব্যবস্থা | ৫ | প্রতিষ্ঠানের শিক্ষকগণের জন্য আলাদা টয়লেট এবং প্রযোজ্য ক্ষেত্রে ছাত্র ও ছাত্রীগণের জন্য আলাদা টয়লেট সুবিধা এবং সকলের জন্য সুপেয় পানির ব্যবস্থা থাকার উপর ভিত্তি করে মূল্যায়ন করতে হবে। | |
| ৮. | গ্রন্থাগার উন্নয়ন, বঙ্গবন্ধু কর্নার, ইত্যাদি | ৫ | স্বতন্ত্র গ্রন্থাগার থাকা এবং গ্রন্থাগারের বইয়ের সংখ্যা ও শিক্ষার্থীদের গ্রন্থাগার ব্যবহারর মাত্রা বিবেচনায় মূল্যায়ন করতে হবে। | |
| ৯. | পঠন পাঠনের নিয়মানুবর্তিতা, খেলাধুলা ও সহপাঠ্যক্রম ব্যবস্থা | ৫ | শ্রেণি কার্যক্রম নিয়মিত হওয়ার বিষয়ে শিক্ষার্থী, অভিভাবকগণের মধ্যে সুনাম, বাৎসরিক পাঠ পরিকল্পনা ও ক্লাস রুটিনের মধ্যে সামঞ্জস্যতা ইত্যাদির ভিত্তিতে মূল্যায়ন করতে হবে। | |
| ১০. | শিক্ষার পরিবেশ | ৫ | সুপরিসর ও মানসম্মত শ্রেণিকক্ষ, খেলার মাঠ, প্রাকৃতিক পরিবেশ ইত্যাদির আলোকে মূল্যায়ন করতে হবে। স্বাস্থ্যবিধি মেনে প্রতিষ্ঠান সজ্জিতকরণের বিষয়টি বিবেচনা করতে হবে। | |
| ১১. | মাল্টিমিডিয়া ক্লাসরুম/কম্পিউটার ল্যাব | ৫ | কম্পিউটার ল্যাব থাকা ও মাল্টিমিডিয়া ক্লাসরুম থাকা, অনলাইনে শ্রেণি কার্যক্রম পরিচালনা করা, অ্যাসাইনমেন্ট প্রদান করার উপর ভিত্তি করে মূল্যায়ন করতে হবে। | |
| ১২. | প্রতিষ্ঠানে রোভার স্কাউট/গার্ল ইন রোভার/বি. এন. সি. সি/রেড ক্রিসেন্ট ইত্যাদির কার্যক্রম থাকা। | ৫ | প্রতিষ্ঠানে রোভার স্কাউট/গার্ল ইন রোভার/বি. এন. সি. সি/রেড ক্রিসেন্ট ইত্যাদির কার্যক্রম থাকার উপর ভিত্তি করে মূল্যায়ন করতে হবে। | |
| মোট নম্বর | | ১০০ | | |

৯। ইনস্টিটিশনাল ম্যানেজমেন্ট কমিটি (আইএমসি) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শ্রেষ্ঠ শিক্ষার্থী, শ্রেষ্ঠ শিক্ষক মূল্যায়ন করবেন। যাঁদের বিষয়ে কোন অভিযোগ তদন্তাধীন আছে অথবা অভিযুক্ত অথবা কোচিং বাণিজ্য বন্ধ নীতিমালা-২০২২ অনুসরণ করেন না অথবা বিবেচ্য বছরে কারণ দর্শানোর নোটিশ পেয়েছেন তাঁদের শ্রেষ্ঠ শিক্ষক হিসেবে মনোনয়নের সুযোগ নেই।

১০। কোন প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে অভিযোগ তদন্তাধীন (বিজ্ঞপ্তির পূর্বের) থাকলে অথবা কোন অভিযোগে অভিযুক্ত হলে তাঁকে শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধানের জন্য মনোনীত করা যাবেনা।

১১। প্রতিযোগিতার বিষয় এবং পুরস্কার সংখ্যা:

(ক) প্রতিষ্ঠান পর্যায়:

ইনস্টিটিউশনাল ম্যানেজমেন্ট কমিটি (আইএমসি) প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীদের মধ্য থেকে একজন শ্রেষ্ঠ শিক্ষার্থী, সকল শিক্ষকের মধ্য থেকে একজন শ্রেষ্ঠ শিক্ষক নির্বাচন করবেন।

| ক্রমিক নং | ধরণ | পুরস্কার সংখ্যা | পুরস্কার |
|---|---|---|---|
| ১. | শ্রেষ্ঠ শিক্ষার্থী | ১টি | সনদ |
| ২. | শ্রেষ্ঠ শিক্ষক | ১টি | সনদ |

(খ) আঞ্চলিক পর্যায়:

| ক্রমিক নং | প্রতিযোগিতার বিষয় | পুরস্কার সংখ্যা | পুরস্কার |
|---|---|---|---|
| ১. | শ্রেষ্ঠ শিক্ষার্থী (কারিগরি-১ ও স্বাস্থ্য-১) | ২টি | সনদ, ক্রেস্ট ও প্রাইজ |
| ২. | শ্রেষ্ঠ শিক্ষক (কারিগরি-১ ও স্বাস্থ্য-১) | ২টি | সনদ, ক্রেস্ট ও প্রাইজ |
| ৩. | শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান (কারিগরি-১ ও স্বাস্থ্য-১) | ২টি | সনদ, ক্রেস্ট ও প্রাইজ |
| ৪. | শ্রেষ্ঠ প্রতিষ্ঠান (কারিগরি-১ ও স্বাস্থ্য-১) | ২টি | সনদ, ক্রেস্ট ও প্রাইজ |

(গ) জাতীয় পর্যায়:

| ক্রমিক নং | ধরণ | পুরস্কার সংখ্যা | পুরস্কার |
|---|---|---|---|
| ১. | শ্রেষ্ঠ শিক্ষার্থী (কারিগরি-১ ও স্বাস্থ্য-১) | ২টি | সনদ, ক্রেস্ট ও ল্যাপটপ |
| ২. | শ্রেষ্ঠ শিক্ষক (কারিগরি-১ ও স্বাস্থ্য-১) | ২টি | সনদ, ক্রেস্ট ও ল্যাপটপ |
| ৩. | শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান (কারিগরি-১ ও স্বাস্থ্য-১) | ২টি | সনদ, ক্রেস্ট ও ল্যাপটপ |
| ৪. | শ্রেষ্ঠ প্রতিষ্ঠান (কারিগরি-১ ও স্বাস্থ্য-১) | ২টি | সনদ, ক্রেস্ট ও অর্থ (প্রকল্প নির্দেশনা ও অনুমোদন সাপেক্ষে ব্যয়যোগ্য) |

১২। কমিটিসমূহ:

(ক) জাতীয় পর্যায়ের মূল্যায়ন কমিটি:

১. অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়- সভাপতি
২. প্রতিনিধি, বুয়েট- সদস্য
৩. অধ্যক্ষ/প্রতিনিধি, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ-সদস্য
৪. পরিচালক (প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর- সদস্য
৫. পরিচালক (পরিকল্পনা), জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ বুর্‍্যো- সদস্য
৬. পরিচালক (পাঠ্যক্রম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-সদস্য
৭. পরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর- সদস্য
৮. পরিচালক, নার্সিং ও মিডওয়েফারি অধিদপ্তর-সদস্য
৯. উপপ্রকল্প পরিচালক (প্রশাসন), ASSET প্রকল্প-সদস্য
১০. প্রোগ্রামার, ASSET প্রকল্প-সদস্য
১১. প্রকল্প পরিচালক, ASSET প্রকল্প-সদস্য সচিব

**কর্মপরিধি**: আঞ্চলিক পর্যায়ের মূল্যায়ন কমিটি থেকে প্রাপ্ত তালিকা যাচাই-বাছাই করে জাতীয় পর্যায়ের জন্য শ্রেষ্ঠদের তালিকা প্রণয়ন করবেন।

(খ) আঞ্চলিক পর্যায়ের মূল্যায়ন কমিটি:

১. আঞ্চলিক পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, সংশ্লিষ্ট অঞ্চল- সভাপতি
২. জেলা প্রশাসকের প্রতিনিধি, সংশ্লিষ্ট জেলা-সদস্য
৩. প্রতিনিধি, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ-সদস্য
৪. প্রতিনিধি, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ বুর্‍্যো- সদস্য
৫. প্রতিনিধি, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-সদস্য
৬. প্রতিনিধি, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর- সদস্য
৭. প্রতিনিধি, নার্সিং ও মিডওয়েফারি অধিদপ্তর-সদস্য
৮. প্রতিনিধি, কারিগরি শিক্ষা অধিদপ্তর-সদস্য
৯. প্রতিনিধি, ASSET প্রকল্প-সদস্য
১০. প্রতিনিধি, ASSET প্রকল্প-সদস্য
১১. প্রতিনিধি, কারিগরি শিক্ষা অধিদপ্তর, সংশ্লিষ্ট অঞ্চল- সদস্য সচিব

**কর্মপরিধি**: প্রাতিষ্ঠানিক পর্যায়ের মূল্যায়ন কমিটি থেকে প্রাপ্ত তালিকা যাচাই-বাছাই করে আঞ্চলিক পর্যায়ের জন্য শ্রেষ্ঠদের তালিকা প্রণয়ন করে শ্রেষ্ঠদের তালিকাসহ প্রয়োজনীয় তথ্যাদির হার্ডকপি এবং সফটকপি প্রকল্প পরিচালক, ASSET প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা বরাবরে দাখিল নিশ্চিত করবেন।

(গ) প্রাতিষ্ঠানিক পর্যায়ের মূল্যায়ন কমিটি: ইনস্টিটিউশনাল ম্যানেজমেন্ট কমিটি (আইএমসি)

**কর্মপরিধি**: প্রতিষ্ঠানের সংশ্লিষ্টদের সহায়তায় মূল্যায়ন সম্পন্ন করে শ্রেষ্ঠদের তালিকাসহ প্রয়োজনীয় তথ্যাদির হার্ডকপি এবং সফটকপি সংশ্লিষ্ট আঞ্চলিক কমিটি এবং প্রকল্প পরিচালক, ASSET প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা বরাবরে দাখিল নিশ্চিত করবেন।

১৩। সম্ভাব্য ব্যয় বিভাজন:

ক. প্রাতিষ্ঠানিক পর্যায় (ঢাকা, রাজশাহী, বরিশাল ও খুলনা অঞ্চল): প্রস্তাবিত ব্যয়

| ক্রমিক নং | কার্যক্রম | ব্যয়ের হার | পরিমাণ | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | শিক্ষার্থী (প্রাইজবন্ড ও সনদ) | ১,০০০.০০ | ১ | ১,০০০.০০ | ৮০০.০০<br>২০০.০০ |
| ২. | শিক্ষক (প্রাইজবন্ড ও সনদ) | ২,০০০.০০ | ১ | ২,০০০.০০ | ৮০০.০০<br>২০০.০০ |
| মোট | | | | ৩,০০০.০০ | |
| ২২০ টি প্রতিষ্ঠানের সর্বমোট (৩,০০০.০০ X ২২০) | | | | **৬,৬০,০০০.০০** | |

খ. আঞ্চলিক পর্যায় (ঢাকা, রাজশাহী, বরিশাল ও খুলনা অঞ্চল): প্রস্তাবিত ব্যয়

| ক্রমিক নং | কার্যক্রম | ব্যয়ের হার | পরিমাণ | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৩. | মূল্যায়ন কার্যক্রম পরিচালনা | ৩০,০০০.০০ | ১ | ৩০,০০০.০০ | |
| ৪. | অনুষ্ঠান আয়োজন | ২,৫০,০০০.০০ | ১ | ২,৫০,০০০.০০ | |
| ৫. | পুরস্কার, সনদ ও ক্রেস্ট | ২,৫০,০০০.০০ | ১ | ২,৫০,০০০.০০ | ১,০০০.০০,<br>২,০০০.০০,<br>৩,০০০.০০,<br>২৫,০০০.০০ |
| ৬. | সেমিনার আয়োজন | ৩,০০,০০০.০০ | ১ | ৩,০০,০০০.০০ | |
| মোট | | | | ৮,৩০,০০০.০০ | |
| ৪ অঞ্চলের সর্বমোট (৮,৩০,০০০.০০ X ৪) | | | | **৩৩,২০,০০০.০০** | |

খ. জাতীয় পর্যায়: প্রস্তাবিত ব্যয়

| ক্রমিক নং | কার্যক্রম | ব্যয়ের হার | পরিমাণ | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | মূল্যায়ন কার্যক্রম পরিচালনা | ১,০০,০০০.০০ | ১ | ১,০০,০০০.০০ | |
| ২. | অনুষ্ঠান আয়োজন | ১৩,২০,০০০.০০ | ১ | ১৩,২০,০০০.০০ | |
| ৩. | পুরস্কার, সনদ ও ক্রেস্ট | ৪০,০০,০০০.০০ | ১ | ৪০,০০,০০০.০০ | ১,৩০,০০০.০০,<br>১,৫০,০০০.০০<br>২,০০,০০০.০০<br>১৫,০০,০০০.০০ |
| ৪. | সেমিনার আয়োজন | ৬,০০,০০০.০০ | ১ | ৬,০০,০০০.০০ | |
| **সর্বমোট** | | | | **৬০,২০,০০০.০০** | |

০৪-০১-২৪

**এ, ওয়াই, এম, জিয়াউদ্দীন আল-মামুন**
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০০০.২৩.২৮৮.২৩ - ৪৭

তারিখঃ ০৮/০১/২৪ খ্রি:

**সদয় জ্ঞাতার্থে অনুলিপি (ক্রম জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা

৩। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা

৪। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়েফারী অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৫। প্রকল্প পরিচালক, ASSET Project, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
৬। অতিরিক্ত প্রকল্প পরিচালক, ASSET Project, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
৭। জেলা প্রশাসক (সকল), .............
৮। আঞ্চলিক পরিচালক(সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ........
৯। চীফ অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১০। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
১১। পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
১২। অধ্যক্ষ, মনোটেকনিক/পলিটেকনিক ইনস্টিটিউট, .............................
১৩। অধ্যক্ষ, ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি, .............................
১৪। অধ্যক্ষ, ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি, .............................
১৫। ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট/কলেজ, .........
১৬। অধ্যক্ষ, মেডিকেল অ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল, .........
১৭। সহকারি পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
১৮। উপপ্রকল্প পরিচালক, ASSET Project, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
১৯। প্রোগ্রামার, ASSET Project, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
২০। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
২১। প্রোগ্রাম অফিসার (সকল), ASSET Project, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
২২। একাউন্টস অফিসার, ASSET Project, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
২৩। টিটিএল/কো-টিটিএল (ASSET প্রকল্প), বিশ্বব্যাংক, আগারগাঁও, ঢাকা-১২০৭
২৪। নথি